গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০৪.০০৮.২০২২-৩৮১

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০
০৫ ডিসেম্বর ২০২৩

বিষয়: স্থানীয় সরকার বিভাগের অক্টোবর, ২০২৩ মাসের 'মাসিক সমন্বয় সভা'র কার্যবিবরণী প্রেরণ।

সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত অক্টোবর ২০২৩ মাসের 'মাসিক সমন্বয় সভা'র কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

০৫/১২/২০২৩

(প্রত্যয় হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ),স্থানীয় সরকার বিভাগ;
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৫। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

বিষয় : স্থানীয় সরকার বিভাগের অক্টোবর, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ ইব্‌রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ : ২৩/১১/২০২৩

স্থান : স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, স্থানীয় সরকার বিভাগ একটি উন্নয়নমুখী বিভাগ যা জনস্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। সুতরাং সভাপতি সকল কর্মকর্তাকে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিসহ দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণের নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | **বিগত সভার কার্যবিবরণী :**<br>সভায় আগস্ট, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য রয়েছে কি না জানতে চাওয়া হয়। উপস্থিত সকলে জানান যে, কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে। | আগস্ট, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। | সমন্বয় ও কাউন্সিল শাখা |
| ২.২ | **ডিজিটাল হাজিরা অব্যাহত রাখা :**<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিভাগের ডিজিটাল হাজিরা ০১ জুন, ২০২৩ তারিখ হতে শুরু করা হয়েছে এবং সকল কর্মকর্তা/কর্মচারী Digital এবং Manual পদ্ধতিতে হাজিরা প্রদান করছেন। সভায় অফিসে উপস্থিতি ও ত্যাগের বিষয়টি যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কি-না তা নিয়মিত মনিটর করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | প্রতি কর্মদিবসে Digital এবং Manual পদ্ধতির তথ্য/হাজিরা খাতা সকাল ৯:৩০ টার মধ্যে অধিশাখায় এবং সকাল ১০:০০ টার মধ্যে অনুবিভাগ প্রধানের নিকট পৌঁছাতে হবে। | প্রোগ্রামার এবং সকল শাখার কর্মকর্তা |
| ২.৩ | **মামলা সংক্রান্ত :**<br>১) স্থানীয় সরকার বিভাগের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি ও ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে মামলার এসএফ সংগ্রহসহ বিস্তারিত বিষয়ে আলোচনা হয়। সভায় অধিকতর গুরুত্বপূর্ণ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় সাধন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সভাকে অবহিত করা হয় যে, প্রতি মাসে মামলা সংক্রান্ত সভা আহ্বান অব্যাহত রয়েছে।<br><br>২) স্থানীয় সরকার বিভাগের মামলাসমূহের ডাটাবেজ হালনাগাদ করার কাজ অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১) প্রতি দুই মাসে মামলা সংক্রান্ত একটি সভা আহবান অব্যাহত রাখতে হবে। একইসাথে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br>২) মামলার ডাটাবেজ হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আইন অধিশাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৪ | **অর্থছাড় ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**<br><br>সভাপতি বলেন যে, অর্থ বিভাগের নির্দেশনা প্রতিপালনপূর্বক অর্থবছরের বাজেট বরাদ্দ অনুসারে বিভিন্ন দপ্তর/সংস্থার অনুকূলে নির্ধারিত সময়ের মধ্যে অর্থছাড় করা আবশ্যক। সভাকে অবহিত করা হয় যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র বরাদ্দ অনুসারে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে উন্নয়ন সহায়তা খাতের ১ম ও ২য় কিস্তির অর্থ ইতোমধ্যে ছাড় করা হয়েছে। 'ডেঙ্গু মোকাবেলা, পরিচ্ছন্নতা কার্যক্রম ও প্রচার খাত' এ বরাদ্দকৃত অর্থ ৪ কিস্তির পরিবর্তে সমুদয় অর্থ এক কিস্তিতে ছাড়ের উপর গুরুত্বারোপ করা হয়। | ১) অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর ও সংস্থার অনুকূলে পরিচালন ও উন্নয়ন খাতের অর্থ নির্ধারিত সময়ের মধ্যে ছাড় নিশ্চিত করতে হবে।<br>২) এডিপি-তে 'ডেঙ্গু মোকাবেলা, পরিচ্ছন্নতা কার্যক্রম ও প্রচার খাত' এ বরাদ্দকৃত অর্থ ৪ কিস্তির পরিবর্তে সমুদয় অর্থ এক কিস্তিতে ছাড় অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা |
| ২.৫ | **প্রকল্প মনিটরিং, পরিদর্শন ও মুল্যায়ন কার্যক্রম:**<br>১) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুশাসনের আলোকে স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে Web based Monitoring System (MIS) প্রবর্তন করা হয়েছে। ইতোমধ্যে প্রবর্তিত MIS এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য নিয়মিত আপলোড প্রক্রিয়া চলমান রয়েছে। MIS এ বিভিন্ন প্রকল্পের তথ্য হালনাগাদ করার বিষয়টি তদারকির জন্য এ বিভাগের বিভিন্ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সভাকে আরো অবহিত করা হয় যে, সকল উন্নয়ন প্রকল্পের তথ্য MIS এ হালনাগাদ নেই। যে সকল দপ্তর/সংস্থার তথ্য হালনাগাদ নেই সে সকল দপ্তর/সংস্থার হালনাগাদ তথ্য আপলোডের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাগিদ প্রদান এবং প্রয়োজনে তাদের সাথে সভা করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়।<br>২) সংস্থাভিত্তিক প্রকল্পের তথ্য সফটওয়্যারে আপলোড করে হালনাগাদকরণের জন্য ইতোমধ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের সকল ডিএলজি/ডিডিএলজি, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর ID Password সরবরাহ করা হয়েছে। সরবরাহকৃত ID Password ব্যবহার করে সংস্থা ভিত্তিক প্রকল্পের তথ্য নিয়মিত আপলোড করার বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। | ১) Web based Monitoring System (MIS) এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার উন্নয়ন প্রকল্পসমূহের মনিটরিং জোরদার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) Web based Monitoring System (MIS) এ যে সকল দপ্তর/সংস্থার তথ্য হালনাগাদ নেই সে সকল দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে সভা অনুষ্ঠানসহ প্রয়োজনবোধে কারণ দর্শাতে হবে।<br>৩) ডিপিপি-তে নির্ধারিত সময়ের মধ্যে PSC সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪) সংস্থাভিত্তিক প্রকল্পের তথ্য হালনাগাদ করে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে। | মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা এবং পরিকল্পনা অধিশাখা |
| ২.৬ | **যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত :**<br>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অকেজো যানবাহনসমূহ অফিস প্রাঙ্গণ কিংবা অন্যত্র ফেলে না রেখে যথাশীঘ্র সরকারি বিধি-বিধান প্রতিপালনপূর্বক কনডেম ঘোষণা এবং উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর যানবাহনসমূহের ডাটাবেজ প্রস্তুত ও সরকারি পরিবহন পুলে জমা প্রদানের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। | ১) স্থানীয় সরকার বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থার পুরাতন এবং অব্যবহৃত গাড়ির তথ্য সংগ্রহ করে গাড়িসমূহ কনডেম ঘোষণা | সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা/ অনুবিভাগ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সভাকে অবহিত করা হয় যে, প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগের যানবাহন অকেজো ঘোষণা সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান অব্যাহত রয়েছে। এ বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) কে আহ্বায়ক করে গঠিত ০৮(আট) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনসমূহের অকেজো/ব্যবহার অযোগ্য যানবাহনসমূহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণে কনডেম ঘোষণা ও নিষ্পত্তিকরণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহনসমূহের তথ্য সংগ্রহ করে একটি ডাটাবেইজ প্রস্তুতের জন্য যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ-কে আহ্বায়ক করে একটি কমিটি পুনঃগঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। সভায় সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহনসমূহের তথ্য সংগ্রহ কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে অবহিত করা হয়। | সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২) উন্নয়ন প্রকল্পের যানবাহন যথাসময়ে জমা প্রদান বিষয়ে প্রতি ২ (দুই) মাস অন্তর অন্তর এ বিভাগের প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে পত্র মারফত অনুরোধ জানাতে হবে। | |
| ২.৭ | **সাংগঠনিক অবকাঠামো:**<br>সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামো ও কর্মবন্টন হালনাগাদ করার লক্ষ্যে গঠিত কমিটির সভায় এ বিভাগের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ২৫৬টি পদের অতিরিক্ত আরো ১০৬টি নতুন পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ মার্চ ২০২২ তারিখের ০৫.০০.০০০০ .১৫৪.২৮.০১৩.১৮.৪৮ নম্বর স্মারকে স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামোতে ২১টি ক্যাডার পদ স্থায়ীভাবে সৃজন এবং অন্যান্য ৭২ (বাহাত্তর)টি ক্যাডার বহির্ভূত পদ অস্থায়ীভাবে সংরক্ষণের ভিত্তিতে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়। পক্ষান্তরে, অর্থ বিভাগের ০৫/০৭/২০২২ তারিখের ০৭.১৫২.০১৫.০৫.০০. ০০৫.২০০৭-০৯ সংখ্যক পত্রে বিভিন্ন ক্যাটাগরির ১৩ (তের)টি ক্যাডার পদ স্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য সম্মতি জ্ঞাপন করা হয়।<br>পরবর্তীতে, স্থানীয় সরকার বিভাগের ০৭/০৯/২০২৩ তারিখের ৯৬৬ নং স্মারকমূলে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিপ্রাপ্ত ইকোনোমিক ক্যাডারের ২টি পদ (প্রধানের ১টি এবং উপপ্রধানের ১টি) ও উপপ্রধানের বিদ্যমান ১টিসহ মোট ৩টি পদের পরিবর্তে সমগ্রেডের ৩টি পদ (অতিরিক্ত সচিব-১টি এবং উপসচিব-২টি) স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামোতে প্রতিস্থাপিত করার বিষয়ে সম্মতি প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রস্তাবিত ৩টি পদের অনুমোদন পাওয়ার পর এ বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| ২.৮ | **ই-নথি**<br>সভাকে অবহিত করা হয় যে, এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী এ বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখায় ই-নথি নিষ্পত্তি কার্যক্রম বৃদ্ধি করা অত্যন্ত জরুরি। সকল পত্র স্থানীয় সরকার বিভাগের গ্রহণ ও প্রেরণ শাখায় এন্ট্রির মাধ্যমে প্রাপকের নিকট প্রেরণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | সকল শাখা/ অধিশাখায় ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে ও নথিতে উপস্থাপন এবং নিষ্পত্তির সংখ্যা আরো বাড়াতে হবে। | সকল শাখা/ অধিশাখা/ অনুবিভাগ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৯ | **অভিযোগ নিষ্পত্তি:**<br><br>সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অনুসারে স্থানীয় সরকার বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি এবং অনিষ্পন্ন অভিযোগ পত্রের প্রেক্ষিতে পত্র মারফত সংশ্লিষ্ট সকলকে অবহিত করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অনুসারে অনলাইনে অভিযোগ নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে। একইসাথে অনিষ্পন্ন অভিযোগ পত্রের প্রেক্ষিতে পত্র মারফত অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২.১০ | **বিবিধ :**<br>ক) সভায় জনস্বার্থে সরকারি সম্পদ ব্যবহারে অধিকতর কৃচ্ছতা সাধনের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। এছাড়া, নিম্নবর্ণিত বিষয়ে বিদ্যমান বিধি-বিধান ও নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য পুনরায় স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তাগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়:<br>১) পত্র প্রাপ্তির পর যথানিয়মে রেজিস্টারে এন্ট্রির পর সচিবালয় নির্দেশমালা,২০১৪ অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ;<br>২) নথি উপস্থাপনের ক্ষেত্রে দ্বৈততা পরিহার এবং অহেতুক বিলম্ব না করে যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নথি প্রেরণ নিশ্চিতকরণ;<br>৩) ই-নথিতে বিবেচ্যপত্র, সংশ্লিষ্ট বিধি-বিধান এবং সংযুক্তি পতাকা দ্বারা চিহ্নিত করা;<br>৪) জনস্বার্থে সরকারি সম্পদ ব্যবহারে অধিকতর কৃচ্ছতা সাধন এবং বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানিসহ সরকারি যানবাহন ব্যবহারের ক্ষেত্রে বিশেষ নজর রাখা;<br>৫) উন্নয়ন প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন নির্দেশিকা, উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সম্পাদিত চুক্তি এবং ডিপিপি ও পিপি যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে গৃহীত উন্নয়ন কার্যক্রম সম্পাদন করা। | ১) ক্রমিক ১-৫ বর্ণিত নির্দেশাবলী সকল কর্মকর্তা/ কর্মচারী যথাযথভাবে প্রতিপালন করবেন। | কর্মকর্তা/ কর্মচারী (সকল) ও সংশ্লিষ্ট শাখা |
| | খ) সভায় ''স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা'' এর গাইডলাইন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার উপর গুরুত্বারোপ করা হয়।<br>গ) সভাকে অবহিত করা হয় যে, ''স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদের 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণের উপযোগী করে গড়ে তোলার জন্য প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে'' মর্মে গৃহীত সিদ্ধান্তের আলোকে বিশদ আলোচনা করা হয়। অতপর Smart Bangladesh বিনির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় NAP এবং Integrated Budget and Accounting System (IBAS) এর উপর প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। Smart Bangladesh বিনির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় NAP এবং Integrated Budget and Accounting System (IBAS) এর উপর নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা প্রয়োজন। | ১) ''স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা'' এর গাইডলাইন অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>২) Smart Bangladesh বিনির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | নগর উন্নয়ন অধিশাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ঘ) সভায় দেশের পৌরসভা এবং সিটি কর্পোরেশনসমুহের সকল সার্ভিস একটি Platform-এ এনে Common Software ব্যবহার করে Unified platform এ আনয়ন এবং সে লক্ষ্যে Existing Service Integrate করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | ৩) দেশের পৌরসভা এবং সিটি কর্পোরেশনসমুহের সকল সার্ভিস একটি Platform-এ এনে Common Software ব্যবহার করে Unified platform এ আনয়ন এবং সে লক্ষ্যে Existing Service Integrate করা যেতে পারে। | |
| ২.১১ | ক) সভায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)'র প্রশিক্ষণ প্রভাব মূল্যায়ন এবং গবেষণার বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা ও শাখার কর্মকর্তাগণ স্থানীয় সরকার বিষয়ক সমসাময়িক গবেষণার প্রস্তাব দিতে পারবেন মর্মে অভিমত ব্যক্ত করা হয়।<br><br>খ) সভাকে আরো অবহিত করা হয় যে, বর্তমানে জেলা পরিষদসমূহের আওতায় ৫০০টি ডাকবাংলো এবং বেশ কিছু অডিটরিয়াম রয়েছে। এ সকল অবকাঠামো নির্মাণ/পুন:নির্মাণে সরকারি অর্থ ব্যয় করা হয়। উক্ত অবকাঠামোসমূহ সংশ্লিষ্ট জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত ''ভাড়া/ফি'' এর বিনিময়ে বরাদ্দ প্রদান করা হয়। আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে নির্মিত ডাকবাংলো এবং অডিটরিয়ামগুলোর উপযোগীতাসহ বার্ষিক আয়-ব্যয় নিয়মিত মনিটরিং করা প্রয়োজন।<br><br>গ) সভাকে অবহিত করা হয় যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটকেন্দ্রে যাতায়াত সুগমের লক্ষ্যে সংশ্লিষ্ট রাস্তাসহ প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন/মেরামত কাজ সম্পাদনের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে পত্র দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। | ক) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট(এনআইএলজি) এ স্থানীয় সরকার বিষয়ক সমসাময়িক গবেষণার প্রস্তাব দিতে হবে।<br><br>খ) জেলা পরিষদসমূহের আওতাধীন ডাকবাংলো এবং অডিটরিয়ামগুলোর উপযোগীতাসহ বার্ষিক আয়-ব্যয় নিয়মিত মনিটরিং করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br><br>গ) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটকেন্দ্রে যাতায়াত সুগমের লক্ষ্যে সংশ্লিষ্ট রাস্তাসহ প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন/ মেরামত কাজ সম্পাদনের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানাতে হবে। | ক) ইউনিয়ন পরিষদ অধিশাখা<br><br>খ) জেলা পরিষদ শাখা<br><br>গ) উন্নয়ন অধিশাখা |

০৩। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮/১১/২০২৩

মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ